**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**27 February 2026** **7:45 PM AM IST**

==========================================================================

১) মিশন বসুন্ধরার তৃতীয় পর্যায়ের অধীনে আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে জমির পাট্টা বিতরণ ।

২) সরকার সরলিকরণ প্রক্রিয়া , উন্নত ব্যবসার সুচলতা এবং প্রযুক্তি ভিত্তিক প্রশাসনের বিস্তারের মাধ্যমে দেশের সংস্কারের গতি তরান্বিত করছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রকাশ ।

৩) জনতার শিল্পী জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর মামলা দ্রুত নিস্পত্তির জন্য ফাষ্টট্র্যাক আদালত গঠন করার সিদ্ধান্ত ।

৪) বাল্য বিবাহ রোধে এবং শিশু অধিকার সুরক্ষার লক্ষ্যে আজ শিলচর নরসিংটোলা মাঠে বাল্যবিবাহ মুক্তি রথের উদ্বোধন ।

---

মিশন বসুন্ধরা তৃতীয় পর্যায়ের অধীনে রাজ্য সরকার আজ সমগ্র আসামের প্রায় ৪০ হাজার পরিবার তথা বিভিন্ন প্রতিষ্ঠানকে জমির পাট্টা প্রদান করেছে । এর অংশ হিসেবে আজ হাইলাকান্দি জেলার স্কুল কলেজ সহ ৭০টি প্রতিষ্ঠানকে ডিজিট্যাল পাট্টা বন্টন করা হয় । মিশন বসুন্ধরার তৃতীয় পর্যায়ে স্থানীয় ভূমিহীন পরিবার ও প্রতিষ্ঠানে জমি বন্টন কর্মসূচির অধীনে হাইলাকান্দি জেলা আয়ুক্তের সভাকক্ষে আজ আয়োজিত এক সভায় আয়ুক্ত অভিষেক জৈন হিতাধিকারীদের মধ্যে ডিজিট্যাল পাট্টা বন্টন করেন । আবন্টিত এই ৭০টি পাট্টায় মোট ৪২ বিঘা জমি রয়েছে । এর মধ্যে ৬৬টি সরকারী শিক্ষা প্রতিষ্ঠান এবং ৪টি ধর্মীয় প্রতিষ্ঠান রয়েছে । মোট এই ৭০টি পাট্টার মধ্যে হাইলাকান্দি বিধান সভা কেন্দ্রে ৪৭টি এবং কাটলিছড়া-আলগাপুর বিধানসভা কেন্দ্রে ২৩টি পাট্টা রয়েছে ।

শ্রীভূমি জেলায় ৬শো ৫০ জন হিতাধিকারীর হাতে আনুষ্ঠানিকভাবে জমির পাট্টা প্রদান করা হয়েছে । এই উপলক্ষে আজ শ্রীভূমি জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় উত্তর করিমগঞ্জ এবং দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা সমষ্টির যৌথ উদ্যোগে শ্রীভূমি জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে জমির পাট্টা বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে রাজ্য সরকারের মনোনীত মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাক্তন বি জে পি জেলা সভাপতি সুব্রত ভট্টাচার্য
। তিনি হিতাধিকারীদের হাতে পাট্টা তুলে দিয়ে বলেন যে মিশন বসুন্ধরার তৃতীয় পর্যায়ে ভূমিহীন ও বিভিন্ন প্রতিষ্ঠানের দীর্ঘদিনের সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে ।

---

সরকার সরলিকরণ প্রক্রিয়া , উন্নত ব্যবসার সচলতা এবং প্রযুক্তি আধারিত প্রশাসন ব্যবস্থার বিস্তারের মাধ্যমে দেশের সংস্কারের গতি ত্বরান্বিত করেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন । আজ

বিকশিত ভারতের জন্য প্রযুক্তি , সংস্কার এবং অর্থব্যবস্থা শীর্ষক এক বাজেট পরবর্তী ওয়েবিনারে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে অংশগ্রহণ করে প্রধানমন্ত্রী এই মন্তব্য করেন ।তিনি বলেন যে সংস্কারের মূল্যায়ন শুধুমাত্র ঘোষণার মাধ্যমে নয় বরং তৃণমূল পর্যায়ে এর প্রভাবের ওপর আধারিত হতে হবে । প্রধানমন্ত্রী কৃত্রিম বুদ্ধিমত্তা ,ব্লক চেইন এবং ডাটা এনেলাইটিক্সের ব্যাপক প্রয়োগের মাধ্যমে স্বচ্ছতা , পারদর্শিতা বৃদ্ধি করার ওপর গুরুত্ব আরোপ করেন ।বিগত দশকে সরকার পরিকাঠামো ক্ষেত্রে বিশেষ গুরুত্ব প্রদান করছে বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন যে জাতীয় সড়ক , রেল , বন্দর , ডিজিট্যাল নেটওয়ার্ক ইত্যাদির মতো সম্পদ সমুহ নির্মাণের মাধ্যমে দেশের উন্নয়নের সম্ভাবনার প্রতি লক্ষ্য রেখে সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেছে ।

---

জনতার শিল্পী জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর ঘটনা নিয়ে রাজ্যব্যাপী প্রতিক্রিয়া অব্যাহত রয়েছে । এর মধ্যেই গতকাল আসাম মন্ত্রীসভার এক বৈঠকে জুবিন গার্গের মৃত্যু মামলার দ্রুত নিস্পত্তির জন্য ফাষ্টট্রাক আদালত গঠন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । এদিকে রাজ্য সরকার জুবিন গার্গের মৃত্যু নিয়ে রাজনীতি করছে বলে আসাম জাতীয় পরিষদ সহ কয়েকটি রাজনৈতিক দল অভিযোগ করে আসছে । জুবিন ক্ষেত্রের নির্মানকার্য এখনও সম্পন্ন না হওয়ায় সরকার সমালোচনার সম্মুখীন হয়েছে । এর পরিপ্রক্ষিতে মন্ত্রী বিমল বরা জানিয়েছেন যে জুবিন ক্ষেত্র নির্মান সম্পর্কে গঠিত সমিতি প্রতিবেদন দাখিল করার পরই রাজ্য সরকার এই ক্ষেত্র নির্মানের কাজ আরম্ভ করবে । সমিতি জুবিন ক্ষেত্র নির্মানের সার্বিক বিষয় অধ্যয়ন করছে বলেও মন্ত্রী শ্রী বরা জানিয়েছেন ।

বাল্য বিবাহ রোধে এবং শিশু অধিকার সুরক্ষার লক্ষ্যে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে আজ শিলচর নরসিংটোলা মাঠে অনুষ্ঠানিকভাবে ‘বাল্যবিবাহ মুক্তি রথ’উদ্বোধন করা হয় । এই মুক্তি রথের উদ্বোধন করেন রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্থ । এক্সেস টু জাস্টিস ফর চিলড্রেন প্রজক্টের অধিনে আয়োজিত এই উদ্যোগের মূল উদ্দেশ্য হচ্ছে বাল্য বিবাহের বিরুদ্ধে সম্মিলিত জনসচেতনতা গড়ে তোলা এবং শিশু অধিকার সম্পর্কে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা ।এই প্রকল্পটই বাস্তবায়ন করবে কাছাড়ের স্বেচ্ছাসেবী সংগঠন উদিচী । অনুষ্ঠানে সাংসদ শ্রী পুরকায়স্থ তাঁর ভাষণে সমাজের সক্রিয় অংশগ্রহণ , কঠোর আইন প্রয়োগ এবং সংশ্লিষ্ট সব পক্ষের সম্মিলিত প্রয়াসের ওপর জোড় দেন ।শিশুদের অধিকার সুরক্ষা সুনিশ্চিত করা একটি প্রগতিশীল সমাজ গঠনের অন্যতম শর্ত বলে তিনি মন্তব্য করেন ।অনুষ্ঠানে পুলিশের দক্ষিণ আসাম রেঞ্জের উপপরিদর্শক জয়শ্রী খেরসা , রোজকান্দি চাবাগানের ম্যানেজার ঈশ্বরভাই ওবাদিয়া প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির উদ্যোগে আগামীকাল আন্তর্জাতিক বিজ্ঞান দিবস উদযাপন উপলক্ষে ‘আসুন ব্রহ্মান্ডকে জানি ’ শীর্ষক বক্তৃতা অনুষ্ঠানের আসয়োজন করা হয়েছে ।আগামীকাল সকাল সাড়ে ১০ টায় বঙ্গভবনে আয়োজিত এই অনুষ্ঠানে ত্রিপুরার বীর বিক্রম কলেজের অবসরপ্রাপ্ত

অধ্যাপক , লেখক পূর্ণেন্দু কান্তি দাস , আসাম বিশ্ববিদ্যালয়ের প্রবীণ অধ্যাপক , ডঃ অশোক সেন প্রমুখ উপস্থিত থাকবেন ।

---

বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক সঞ্জয় রায় গতকাল রাতে শিলচরে এক বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৫৬ । তিনি বার্তালিপি দৈনিকের ক্রীড়া সাংবাদিক ছিলেন । এর আগে তিনি দৈনিক যুগশঙ্খ ও অধুনালুপ্ত দৈনিক জনকণ্ঠ পত্রিকায় সুনামের সঙ্গে ক্রীড়া সম্পাদকের দায়িত্ব পালন করেছেন । প্রয়াত সাংবাদিক সঞ্জয় রায়ের মূল বাড়ি ধলাই বিধানসভা এলাকার হাওয়াইথাংয়ে হলেও তিনি দীর্ঘদিন ধরে শিলচর ইটখলা কালীবাড়ি রোডের স্থায়ী বাসিন্দা ছিলেন । তাঁর মৃত্যুতে বার্তালিপি দৈনিক , শিলচর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শংকর দে সহ সাংবাদিক মহলের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করে সোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানানো হয়েছে ।

---

কাছাড় জেলা বার এসোসিয়েশনের ১৫০ বছর উদযাপনের সমাপ্তি অনুষ্ঠান আজ শিলচর বার লাইব্রেরী প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়েছে । এ উপলক্ষ্যে রাজ্যের খাদ্য ,সরবরাহ ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই একটি স্মারক গ্রন্থের উন্মোচন করেন । সভায় বার এসোসিয়েশনের সহ-সভাপতি পঙ্কজ কান্তি দে , সম্পাদক নীলাদ্রি রায় , আইনজীবি অনিল চন্দ্র দে , ইয়াসিন আলী মজুমদার প্রমূখ বক্তব্য রাখেন ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের পার্শ্ববর্তী এলাকায় তামাকজাত পণ্য বিক্রি না করতে আহ্বান জানানো হয়েছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে আজ জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের আশে-পাশে কটপা আইনের অধীনে অভিযান চালিয়ে ১ হাজার ৮০০ টাকা জরিমানা আদায় করা হয়েছে এবং আইন লংঘনের অভিযোগে কয়েকজন ব্যবসায়ীকে সর্তক করা হয়েছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে ছাত্র-ছাত্রীদের সুস্বাস্থ্য ও ভবিষ্যত সুরক্ষার জন্য এধরনের অভিযান আগামীতেও অব্যাহত থাকবে বলে জানানো হয়েছে ।

---

শ্রীভূমি জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে আগামীকাল জেলায় প্রবীন নাগরিকদের জন্য একটি বিশেষ লিগ্যাল সার্ভিস ক্লিনিকের উদ্বোধন করা হবে । গৌহাটী হাইর্কোটের বিচারপতি তথা আসাম রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের কার্য্যবাহী সভাপতি মাইকেল জোথানখুমা লিগ্যাল সার্ভিস ক্লিনিকের উদ্বোধন করবেন । উল্লেখ্য এই ক্লিনিকটি স্থাপনের মূল উদ্দেশ্য হচ্ছে প্রবীন নাগরিকদের জন্য আইনী সহায়তা সহজলভ্য করা এবং দ্রুত ন্যায় বিচার নিশ্চিত করা । শ্রীভূমি জেলা আইনী পরিষেবা কর্তৃপক্ষের পক্ষ থেকে জেলার সব প্রবীন নাগরিককে এই ক্লিনিকের পরিষেবা গ্রহন করতে আহ্বান জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা কৃষি বিভাগের উদ্যোগে আগামী ৯ ও ১০ই মার্চ জেলা কৃষি আধিকারীকের কার্য্যলয়ে কৃষক মেলা ও প্রদর্শনীর আয়োজন করা হয়েছে । জেলার কৃষি বিভাগের পক্ষ থেকে কৃষক মেলা ও প্রদর্শনীতে অংশ নিতে বিভিন্ন প্রতিষ্ঠান ও সরকারী বিভাগকে আমন্ত্রন জানানো হয়েছে ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলায় মার্চ মাসের চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে অন্তোদয় অন্ন যোজনার কার্ড প্রতি ৩৫ কিলোগ্রাম করে চাল এবং প্রায়োরিটি হাউস হোল্ড কার্ড এর মাথাপিছু পাঁচ কিলোগ্রাম করে চাল পয়লা মার্চ থেকে ১০ মার্চের মধ্যে অন্নসেবার দিনগুলিতে বিনামূল্যে বন্টন করা হবে ।